



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 25 SEPTEMBER 2026 , FRIDAY | ২৫ সেপ্টেম্বর ২০২৬ , শুক্রবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-292

রাজ্য স্বাস্থ্য দপ্তর ও ইউনিসেফ এর যৌথ উদ্যোগে সেপসিস প্রতিরোধে এক দিবসীয় প্রশিক্ষণ কর্মসূচি



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৪ সেপ্টেম্বর : কলকাতার সল্টলেকে স্বাস্থ্যভবন অডিটোরিয়ামে বৃহস্পতিবার আয়োজিত হলো রাজ্যের স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলিতে সেপসিস প্রতিরোধে রাজ্য স্তরের এক দিবসীয় প্রশিক্ষণ কর্মসূচি। ইউনিসেফ ও রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী ডাঃ শারদ্বত মুখোপাধ্যায়, ইউনিসেফের প্রতিনিধি, রাজ্য স্বাস্থ্য দপ্তরের আধিকারিকগণ ও রাজ্যের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান থেকে আগত প্রতিনিধিগণ। স্বাস্থ্যমন্ত্রী ডাঃ শারদ্বত মুখোপাধ্যায় জানান সেপসিস প্রতিরোধে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলিতে WASH এবং সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ শক্তিশালী করণের লক্ষ্যে রাজ্যের স্বাস্থ্যকর্মীদের এই প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এই প্রশিক্ষণ কর্মসূচিতে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলিতে সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এর কার্যকর পদ্ধতি শক্তিশালী করা ও রোগীর নিরাপত্তা নিশ্চিত করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। পশ্চিমবঙ্গে স্বাস্থ্যসেবার মান আরও উন্নত করা ও নিরাপদ স্বাস্থ্য সেবা প্রদানের প্রতি রাজ্য স্বাস্থ্যবিভাগের অঙ্গীকারকে আরও দৃঢ় করার ক্ষেত্রে এই প্রশিক্ষণ কর্মসূচি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলেও মন্তব্য করেন স্বাস্থ্য মন্ত্রী ডাঃ শারদ্বত মুখোপাধ্যায়।

ব্যাঙ্ক ধর্মঘটের আগে রবিবার খোলা থাকবে ব্যাঙ্ক ,ঘোষণা কেন্দ্রের



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,দিল্লি ,২৪ সেপ্টেম্বর : গ্রাহকদের সুবিধার কথা মাথায় রেখে রবিবারও খোলা থাকবে ব্যাঙ্ক। কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের তরফে এই ঘোষণা করা হয়েছে। ইউনাইটেড ফোরাম অফ ব্যাঙ্ক ইউনিয়নস (UFBU) আগামী ২৮ থেকে ৩০ সেপ্টেম্বর, ২০২৬ পর্যন্ত তিন দিনের দেশব্যাপী ব্যাঙ্ক ধর্মঘটের ডাক দিয়েছে। তার আগে ২৬ ও ২৭ সেপ্টেম্বর সপ্তাহান্তের ছুটি। ফলে টানা ৫ দিন ব্যাঙ্ক পরিষেবা বন্ধ থাকার আশঙ্কা তৈরি হয়েছে। এই পরিস্থিতিতে গ্রাহকদের যাতে অসুবিধা না হয়, তার জন্য আগাম ব্যবস্থা নিয়েছে সরকার। সরকার জানিয়েছে ,আগামী ২৭ সেপ্টেম্বর, রবিবার সমস্ত পাবলিক সেক্টর ব্যাঙ্ক এবং আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক স্বাভাবিক ভাবেই খোলা থাকবে। এই দিনে সমস্ত শাখা, অফিস, এটিএম-লিঙ্ক শাখা এবং কারেন্সি চেস্ট সম্পূর্ণভাবে চালু থাকবে। এর জন্য রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ইতিমধ্যেই অনুমোদন দিয়েছে। অর্থ মন্ত্রক জানিয়েছে, ব্যাঙ্ক গ্রাহকদের কল্যাণ ও সুবিধাই সরকারের প্রধান অগ্রাধিকার। সরকার এবং ব্যাঙ্ক কর্তৃপক্ষ ইউনিয়নগুলির কাছে প্রস্তাবিত ধর্মঘট পিছিয়ে দেওয়ার আবেদন জানিয়েছে এবং জরুরি ব্যাঙ্কিং পরিষেবা যাতে নিরবচ্ছিন্ন থাকে তা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে।

বেথুন কলেজে আয়োজিত যুব সংসদ প্রতিযোগিতায় ছাত্র ছাত্রীদের উৎসাহিত করলেন রাজ্যের মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৪ সেপ্টেম্বর : পশ্চিমবঙ্গ সরকারের উচ্চ শিক্ষা বিভাগ ও সংসদ বিষয়ক দপ্তরের যৌথ উদ্যোগে বৃহস্পতিবার কলকাতার বেথুন কলেজে আয়োজিত হয় যুব সংসদ প্রতিযোগিতা ২০২৬-২০২৭। এই প্রতিযোগিতায় অংশ গ্রহণকারী সহ উপস্থিত সকল ছাত্র ছাত্রীদের উৎসাহিত করতে উপস্থিত ছিলেন রাজ্যের সংসদ বিষয়ক ও পর্যটন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। তিনি জানান তরুণ প্রজন্মের মধ্যে গনতান্ত্রিক মূল্যবোধ, সংসদীয় সচেতনতা ও নাগরিক দায়িত্ববোধ গড়ে তোলার ক্ষেত্রে এই প্রতিযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অংশগ্রহণকারী ও উপস্থিত সমস্ত ছাত্র ছাত্রীদের তিনি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এই অনুষ্ঠানের অংশ হিসেবে কলেজ চত্বরেই আয়োজিত হয় বৃক্ষরোপণ কর্মসূচি। সংসদ বিষয়ক ও পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ কয়েকটি চারা গাছ রোপণ করে বলেন সবুজ ও সুস্থ ভবিষ্যৎ গড়ে তুলতে বৃক্ষরোপণের এই উদ্যোগ অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এই উদ্যোগ গ্রহণ করার জন্য কলেজ কর্তৃপক্ষের প্রশংসা করেন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।

বর্ধিত কুড়ি শতাংশ হারে ডিএ পাবেন সরকারি কর্মচারীরা বলে জানালেন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,পশ্চিম বর্ধমান ,২৪ সেপ্টেম্বর : ২০০৮ সালের এপ্রিল থেকে ২০১৫ সালের ডিসেম্বর পর্যন্ত বকেয়া মহাশ্ব ভাতা (DA) সম্পূর্ণ মিটিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। দীর্ঘদিনের বকেয়া DA মেটানোর ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আগামী ১৫ অক্টোবর, অক্টোবর মাসের বেতন এবং বর্ধিত কুড়ি শতাংশ হারে ডিএ পাবেন সরকারি কর্মচারী থেকে শুরু করে শিক্ষক, শিক্ষাকর্মীরা - নবান্নের অর্থ দপ্তরের জারি করা এই বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার ভীষণ দায়বদ্ধ বলে জানালেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। তিনি আরও বলেন, ‘আমরা ওরা বাছ বিচার’ আমাদের রাজ্য সরকার করে না। আমরা এমন রাজনীতি করতে চাই না ,যেখানে শুধুমাত্র নিজের স্বার্থ বা রাজনৈতিক সুবিধাকে গুরুত্ব দেওয়া হয়। সরকারের কাজ হল রাজ্যের মানুষের জন্য কাজ করা এবং যাঁদের যা প্রাপ্য, তা নিশ্চিত করা। তাই মাননীয় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে মানুষের স্বার্থকে গুরুত্ব দিয়ে প্রশাসনিক কাজ গুলোকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা আমরা অনবরত চালিয়ে যাচ্ছি। কর্মচারী থেকে সাধারণ মানুষ প্রত্যেকের অধিকার ,সম্মান ও স্বার্থকে গুরুত্ব দেওয়াই আমাদের মূল লক্ষ্য।

লোকনাথপুরে চিতাবাঘের আতঙ্ক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : লোকনাথপুর এলাকায় চিতার আতঙ্কে ঘুম উবে গেছে সাধারণ মানুষের। বেশ কয়েকদিন আগেই ওই এলাকায় খাঁচা পাতা হয়েছিল চিতা বাঘকে বন্দী করার জন্য। কিন্তু এখনও পর্যন্ত বন্দী করার সম্ভব হয়নি চিতা বাঘকে। বৃহস্পতিবার সাত সকালে একটি হাগলের ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়েছে যদিও গ্রামবাসীরা জানিয়েছেন চিতা বাঘ টেনে নিয়ে যায় হাগলটিকে এরপর তার অর্ধেক অংশ কে নেয় চিতা। প্রতিনিয়ত আতঙ্কে দিন কাটছে লোকনাথপুর এলাকার বাসিন্দাদের। এটি কি বনকর্তার কাছ থেকে জানা গেছে প্রতিদিন ওই এলাকায় টহলদারি বাড়ানো হয়েছে বনদপ্তরের কর্মীদের। চিতাকে খাঁচা বন্দী করার জন্য খাঁচা পাতা হয়েছে।

বিহারে নিয়ে যাবার আগেই উদ্ধার মদ ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৪ সেপ্টেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন প্রধাননগর থানার পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বৃহস্পতিবার শিলিগুড়ি জংশনের দার্জিলিং অটো সার্ভিস থেকে দুই ব্যক্তিকে আটক করে। তাদের হেফাজত থেকে উদ্ধার হয় বিভিন্ন ব্র্যান্ডের ছাবিশ বোতল অবৈধ মদ। তারা মদ রাখা বা পরিবহনের কোন বৈধ নথিপত্র দেখাতে না পারায় পুলিশ তাদের গ্রেপ্তার করে ও মদ বাজেয়াপ্ত করে। পুলিশ সূত্রে জানা গেছে উদ্ধার করা মদের পরিমাণ সাড়ে উনিশ লিটার। ধৃতদের নাম রাহুল কুমার (৩৩) ও মঞ্জেশ কুমার সিং (৪০), দুজনেই বিহারের সুপাউলের বাসিন্দা। ধৃতদের বিরুদ্ধে প্রধাননগর থানায় বেঙ্গল এক্সাইজ আইনের নির্দিষ্ট ধারায় একটি মামলা রুজু করা হয়েছে। ধৃতরা পুলিশের জিজ্ঞাসাবাদে স্বীকার করেছে তারা এই মদ বিহারে চড়া দামে বিক্রির উদ্দেশ্যে নিয়ে যাচ্ছিলো। উল্লেখ্য বিহারে মদ বিক্রি নিষিদ্ধ। চোরাপথে বিহারে মদ নিয়ে গিয়ে অবৈধ কারবারীরা চড়া দামে বিক্রি করে। ধৃত ব্যক্তিরাও এই উদ্দেশ্যে বিহারে এই মদ নিয়ে যাচ্ছিলো না কি এর কোন আন্তরাজ্য পাচার চক্র জড়িত না খতিয়ে দেখছে পুলিশ।

তুরতুরি গ্রাম পঞ্চায়েতে প্রধান গঠন নিয়ে অচলাবস্থা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : আগামী ২৮ শে সেপ্টেম্বর আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের তুরতুরি গ্রাম পঞ্চায়েতে প্রধান নির্বাচন করার দিনক্ষণ ঠিক করা কথা ঘোষণা করেছেন প্রশাসনিক কর্তারা। চলতি মাসের ৩ তারিখে প্রধান পদ থেকে ইস্তফা দিয়েছেন তৃণমূলের প্রতীকে জেতা গীতা দাস। গ্রাম পঞ্চায়েতে মোট সদস্য সংখ্যা ১৫ জন। এর মধ্যে তৃণমূলের ১২ বিজেপির ২ এবং আরএসপি একজন পঞ্চায়েত সদস্য রয়েছেন। বিজেপির দুজন পঞ্চায়েত সদস্যের মধ্যে একজন মহিলা এবং একজন পুরুষ দুজনেই আদিবাসী সম্প্রদায়ের। গ্রাম পঞ্চায়েতের প্রধান মহিলা এবং তপশিলি জাতির নির্ধারিত করা রয়েছে। আর এসপির মহিলা পঞ্চায়েত সদস্য তপশিলি সম্প্রদায়ের। গত ৩ তারিখ থেকে গ্রাম পঞ্চায়েত দপ্তরে প্রধান এর চেয়ার ফাঁকা পড়ে রয়েছে। আগামী ২৮ তারিখ নতুন করে প্রধান নির্বাচন করা হবে সেই নির্বাচনে তৃণমূলের প্রতীকে জেতা ১২ জন পঞ্চায়েত সদস্য যোগ দিবেন কিনা তা এখনো সিদ্ধান্ত নিতে পারেননি তারা। দুজন পঞ্চায়েত সদস্য দিয়ে প্রধান গঠন সম্ভব হবে না বিজেপির। তাছাড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান আসনটি তপশিলি জাতির মহিলা সদস্যের জন্য সংরক্ষণ থাকায় বিজেপির পক্ষে প্রধান গঠন করা সম্ভব হচ্ছে না। ইতিমধ্যেই আরএসপির মহিলা সদস্যকে বিজেপিতে যোগদান করার প্রক্রিয়া শুরু করেছেন দলের কিছু ব্যক্তি। যদিও বিজেপির নেতৃত্ব দের কাছ থেকে কোনো বক্তব্য পাওয়া যায়নি দলে যোগদান নিয়ে। গোটা রাজ্যে বিজেপিতে যোগদানের এখনো কোনো ঘোষণা না হওয়ায় বিজেপি দলের পক্ষে প্রধান গঠন বড় কঠিন বিষয় হয়ে দাঁড়িয়েছে। কে হবেন আগামী দিনে তুরতুরি গ্রাম পঞ্চায়েতের প্রধান তাই নিয়ে চুল ছেড়া বিশ্লেষণ শুরু হয়েছে সাধারণ মানুষের মনে।

নিষিদ্ধ মাদক ট্যাবলেট সহ গ্রেপ্তার এক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : পুজোর আগে স্বস্তির খবর বন্ধ চা বাগানের শ্রমিকদের জন্য। আলিপুরদুয়ার জেলার বন্ধ কালচিনি, রায়মাটাং ও বান্দাপানি চা বাগানের প্রায় ৪৪০০ শ্রমিককে ফিন্যান্সিয়াল অ্যাসিস্ট্যান্স ফর ওয়ার্কাস অব লকআউট ইন্ডাস্ট্রিজ (FAWLOI) বা ফাউলাই ভাতা দেওয়ার প্রক্রিয়া শুরু করেছে। রাজ্য সরকার। মঙ্গলবার রাজ্য সরকারের তরফে এই সংক্রান্ত সরকারি বিজ্ঞপ্তি জারির পর বুধবার থেকেই শ্রম দপ্তরের পক্ষ থেকে তিনটি চা বাগানের শ্রমিকদের মধ্যে ফাউলাই ভাতার আবেদনপত্র বিলি করা শুরু হয়েছে। শ্রম দপ্তর সূত্রে জানা গিয়েছে, মাদারিহাট ব্লকের বান্দাপানি চা বাগান গত বছরের ১১ মার্চ বন্ধ হয়ে যায়। এই বাগানে শ্রমিকের সংখ্যা ১১৪০ জন। অন্যদিকে, কালচিনি ব্লকের কালচিনি ও রায়মাটাং চা বাগান গত বছরের ২৪ ডিসেম্বর বন্ধ হয়ে যায়। রায়মাটাং চা বাগানে ১২৫৭ জন এবং কালচিনি চা বাগানে ২০০৩ জন শ্রমিক রয়েছেন। সব মিলিয়ে তিনটি বাগানের শ্রমিকের সংখ্যা প্রায় ৪৪০০। বীরপাড়া শ্রম দপ্তরের এক আধিকারিক জানান, মঙ্গলবার সরকারি বিজ্ঞপ্তি জারির পর বুধবার থেকে তিনটি চা বাগানের শ্রমিকদের মধ্যে ফাউলাই ভাতার আবেদনপত্র বিলি করা হয়েছে। শ্রমিকদের কাছ থেকে জমা পড়া আবেদনপত্র রাজ্যস্তরের ফাউলাই স্কিনিং কমিটির কাছে পাঠানো হচ্ছে। উল্লেখ্য, বন্ধ চা বাগানের শ্রমিকদের জন্য রাজ্য সরকারের তরফে মাসে ১৫০০ টাকা করে ফাউলাই সহায়তা দেওয়া হয়।



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলা পুলিশের বীরপাড়া থানার পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বৃহস্পতিবার দুপুরে লক্ষাপাড়া চা বাগানের সুকুমটা লাইনে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় তিনশো একষট্টি গ্রাম মাদক জাতীয় নিষিদ্ধ ট্যাবলেট ও নগদ আঠারো হাজার তিনশো টাকা। পুলিশ সূত্রে জানা গেছে এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে আটক ব্যক্তিকে গ্রেপ্তার ও উদ্ধার করা মাদক ট্যাবলেট সহ নগদ টাকা বাজেয়াপ্ত করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে ধৃতকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। ধৃত ব্যক্তি কি উদ্দেশ্যে কোথা থেকে এই মাদক ট্যাবলেট সংগ্রহ করেছে তা খতিয়ে দেখছে পুলিশ।

বক্সা পর্যটন নিয়ে ফের ডাট ,জয়ন্তীতে
জিপ সাফারি বন্ধ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : বক্রা টাইগার রিজার্ভে জয়ন্তী থেকে জিপ সাফারি বন্ধ রাখার সিদ্ধান্ত ঘিরে নতুন করে ক্ষোভ ছড়িয়েছে স্থানীয় বাসিন্দা ও পর্যটন ব্যবসায়ীদের মধ্যে। ন্যাশনাল টাইগার কনজারভেশন অথরিটি (NTCA)-র নির্দেশিকার কথা উল্লেখ করে বন দপ্তর জানিয়েছে, বাঘ সংরক্ষণ এলাকার কোর এলাকা থেকে জিপ সাফারি শুরু করা যায় না। একই সঙ্গে জয়ন্তীতে পর্যটকদের রাত কাটানোর অনুমতি নিয়েও জটিলতা অব্যাহত রয়েছে। বন দপ্তরের বক্তব্য, “বাঘের জন্য বন, বনের জন্য পর্যটন”—এই নীতির ভিত্তিতেই পর্যটন ব্যবস্থায় প্রয়োজনীয় কিছু ছাড় দেওয়ার বিষয়টি বিবেচনা করা হচ্ছে। তবে বক্রা টাইগার রিজার্ভের কোর এলাকার উপর কোনও চাপ সৃষ্টি করা হবে না। বনমন্ত্রী মনোজ কুমার ওরাঁও বলেন, পর্যটনের উন্নয়নের জন্য সরকার সবসময় কাজ করছে। তবে বন ও বন আইন রক্ষা করাও জরুরি। একই সঙ্গে পর্যটকরা যাতে বক্রার সৌন্দর্য উপভোগ করতে পারেন, তার উপায় খোঁজা হচ্ছে। গত ১৬ সেপ্টেম্বর বনাঞ্চল পর্যটকদের জন্য খুলে দেওয়ার পর থেকেই জয়ন্তী থেকে জিপ সাফারি বন্ধ রয়েছে। বন্ধ করে দেওয়া হয়েছে স্থানীয় টিকিট কাউন্টারও। সাফারি অপারেটরদের অভিযোগ, এখন তাঁদের অতিরিক্ত প্রায় ১৬ কিলোমিটার পথ পাড়ি দিয়ে রাজাভাতখাওয়া থেকে সাফারি শুরু করতে হচ্ছে। বন দপ্তরের এক আধিকারিক জানান, NTCA-র নির্দেশিকা অনুযায়ী টাইগার রিজার্ভের কোর এলাকা থেকে সাফারি শুরু করা যায় না। বাফার এলাকা থেকে সাফারি শুরু হয়ে কোর এলাকায় প্রবেশ করে ফের বাফার এলাকায় ফিরতে হয়। তাই কোনওভাবেই জয়ন্তী থেকে জিপ সাফারি চালু করা সম্ভব নয়। এই সিদ্ধান্তের প্রতিবাদে গত শনিবার দিনভর আন্দোলন করেন জয়ন্তীর বাসিন্দারা। সোমবার BTR-এর ইস্ট ডিভিশনের ডেপুটি ফিল্ড ডিরেক্টর দেবাশিস শর্মার সঙ্গে দীর্ঘ বৈঠক হলেও সমস্যার সমাধান হয়নি। এদিকে, জয়ন্তীকে কবে থেকে কোর এলাকা ঘোষণা করা হয়েছে, তা নিয়ে প্রশ্ন তুলেছেন বাসিন্দারা। জয়ন্তী গ্রামসভার সম্পাদক শুভজ্যোতি বসু বলেন, “জয়ন্তীকে কবে কোর এলাকা করা হল? সেই সংক্রান্ত বিজ্ঞপ্তি কোথায়? প্রয়োজনে আমরা অনিদিষ্টকালের অনশনেও বসব।” অন্যদিকে, কোর এলাকায় পর্যটকদের রাত কাটানোর অনুমতি দেওয়া যাবে না বলে বন দপ্তর জানালেও জয়ন্তীর হোমস্টে অ্যাসোসিয়েশন রাষ্ট্রবাসের অনুমতির দাবি জানিয়েছে। এ ক্ষেত্রে কলকাতা হাইকোর্টের একটি স্থগিতাদেশের কথাও উল্লেখ করেছেন তাঁরা। ফলে জয়ন্তীর পর্যটন ব্যবস্থা নিয়ে জটিলতা আরও গভীর হয়েছে।

কালচিনিতে প্রায় ২ কোটি টাকার ই-সিগারেট উদ্ধার ,গ্রেফতার ২



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : কালচিনি এলাকায় অভিযান চালিয়ে প্রায় ২ কোটি টাকা মূল্যের নিষিদ্ধ ই-সিগারেট উদ্ধার করল পুলিশ। ঘটনায় দুই যুবককে গ্রেফতার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মোট ১৮,২০০টি চিনা ই-সিগারেট উদ্ধার হয়েছে। গোপন সূত্রে খবর পেয়ে কালচিনি থানার পুলিশ দক্ষিণ লতাবাড়ি এলাকায় একটি পরিত্যক্ত গোড়াউনে অভিযান চালায়। সেই সময় সেখানে ৫০টি কার্টনে করে ই-সিগারেট নামানোর কাজ চলছিল বলে অভিযোগ। অভিযান চালিয়ে বিপুল পরিমাণ ই-সিগারেট বাজেয়াপ্ত করার পাশাপাশি দুই যুবককে আটক করা হয়। গ্রেফতার হওয়া যুবকদের মধ্যে রয়েছে জয়গাঁও বাসিন্দা অবিনাশ চৌধুরী এবং কালচিনির বাসিন্দা আমান চৌধুরী। তাদের বিরুদ্ধে নিষিদ্ধ ই-সিগারেট বেআইনিভাবে মজুত করার অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার দু'জনকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হলে আদালত তাদের পাঁচ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেয়। পুলিশের প্রাথমিক অনুমান, ভুটান হয়ে এই বিপুল পরিমাণ ই-সিগারেট ভারতে ঢুকিয়ে থাকতে পারে পাচারকারীরা। উৎসবের মরশুমের আগে এই নিষিদ্ধ সামগ্রী বিভিন্ন এলাকায় বেআইনিভাবে বিক্রির উদ্দেশ্য ছিল বলেও পুলিশের সন্দেহ। এই চক্রের সঙ্গে আন্তর্জাতিক কোনও যোগ রয়েছে কি না, তা খতিয়ে দেখছে পুলিশ। ঘটনার তদন্ত চলছে।

সভাপতি পদ থেকে ইস্তফা দিলেন মহকুমা শাসকের দপ্তরে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে পঞ্চায়েত সমিতির সভাপতি পদ থেকে ইস্তফা পত্র জমা দিলেন আলিপুরদুয়ার ২ পঞ্চায়েত সমিতির সভাপতি বুমা দাস দেবনাথ। গত ২১ তারিখ আলিপুরদুয়ার মহকুমা শাসকের দপ্তরে তিনি তার ইস্তফা পত্র জমা দিলেও লোকও লজ্জার ভয়ে রীতিমতো গোপন করে রেখেছিলেন ইস্তফা পত্র টি। প্রশাসনিকভাবে বৃহস্পতিবার সেই ইস্তফা পত্র প্রকাশিত হয়। এদিকে পঞ্চায়েত সমিতির সভাপতি ইস্তফা দেওয়ায় রীতিমতো গেরুয়া আবির্ভাবের খেলা শুরু হয়েছে আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের বিভিন্ন প্রান্তে। সরকার পরিবর্তন হয়েছে বিধানসভা ভাটো। বিধানসভা ভাট গণনার পরদিন থেকেই রহস্য জনক ভাবে তিনি আলিপুরদুয়ার দুই পঞ্চায়েত সমিতি ভবনে আসেন না। সরকারি সভা গুলিতে তাকে দেখা যায়নি পঞ্চায়েত সমিতি ভবন কিংবা ব্লক অফিসে। অন্যদিকে আলিপুরদুয়ার সরকারি সভা গুলিতে তিনি বহাল তবিয়তে যোগদান করেছেন। পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি অনেকদিন আগেই পদত্যাগ করেছেন। নতুন করে সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন বিজেপির পক্ষ থেকে। গত তিন বছরে আলিপুরদুয়ার দু'নম্বর পঞ্চায়েত সমিতি দুর্নীতিতে সর্বোচ্চ স্থান অধিকার করেছেন। বিজেপি সরকার আসার পর রীতিমতো পাঁচজনের কমিটি গঠন করে তার তদন্ত হয়েছে। অবশেষে সভাপতি পদ থেকে ইস্তফা দেওয়ায় স্বস্তির নিঃশ্বাস ফেলছেন বিজেপি নেতৃহারা।

এশিয়ান হাইওয়েতে ভয়াবহ পথ দুর্ঘটনা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : মাদারিহাট এলাকায় এশিয়ান হাইওয়েতে ভয়াবহ পথ দুর্ঘটনা গুরুতর জখম। এদিন বিকেলে এশিয়ান হাইওয়েতে দুটি লরির মুখোমুখি সংঘর্ষ হয় এই ঘটনায় লরি দুটোর সামনের অংশ দুমড়ে মুচড়ে যায়। লরির ভেতরে থাকা চালক সহ মোট তিনজন গুরুতর জখম হয়। আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায় পুলিশ।

চা বাগানের নালা থেকে হস্তি শাবকের মৃতদেহ উদ্ধার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ সেপ্টেম্বর : চা বাগানের নালা থেকে উদ্ধার হয়েছে হস্তি শাবকের মৃতদেহ। ময়নাতদন্তের জন্য হস্তি শাবকের মৃতদেহ পাঠানো হলো রাজাভাত খাওয়ায়। নর্থ রায়ডাক রেঞ্জের রায়ডাক চা বাগানের ৪৯ নম্বর সেকশনে হস্তি শাবকের মৃতদেহ উদ্ধার হয় বুধবার রাতে। বৃহস্পতিবার সকালে হস্তি শাবকের মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়। বনদপ্তরের কর্মকর্তার কাছ থেকে জানা গেছে আনুমানিক ৬ থেকে ৭ মাস বয়স হস্তি শাবকের। তবে কিভাবে এই সাত মাসের মাদী হস্তি শাবকের মৃত্যু হয়েছে তা নিয়ে স্পষ্ট কিছু জানা যায়নি। ময়না তদন্তের রিপোর্ট না আসা পর্যন্ত বিষয়টি পরিষ্কার হচ্ছে না। তবে অনুমান করা হচ্ছে চা বাগানের নালায় পড়েই মৃত্যু হয়েছে এই হস্তি শাবকের।